

# যায়যায়দিন

তারিখ ... 3 0 NOV 2006...  
পৃষ্ঠা ১২ কলাম ৩

## প্রেস বৃফিংয়ে জলিল জানালেন স্কুল-কলেজের পরীক্ষা অবরোধের আওতামুক্ত

যাযাদি ডেস্ক

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক আবদুল জলিল বলেছেন, স্কুল থেকে বিশ্ববিদ্যালয় পর্যায়ের যে সব শিক্ষা প্রতিষ্ঠানে পরীক্ষা চলছে সেগুলো অবরোধের আওতামুক্ত থাকবে। হজযাত্রীদের বহনকারী যানবাহনও অবরোধের আওতামুক্ত থাকবে।

গতকাল বুধবার সন্ধ্যায় দলের ধানমন্ডি অফিসে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে আবদুল জলিল জানান, প্রেসিডেন্ট ইয়াজউদ্দিন আহম্মেদের কর্মকাণ্ডের জন্য তত্ত্বাবধায়ক সরকার ব্যবস্থাই এখন অকার্যকর

## স্কুল-কলেজের

(শেষ পৃষ্ঠার পর)

হয়ে পড়েছে। তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের আস্থা হারিয়েছেন। বাংলাদেশকে আরো বিচ্ছিন্ন করে তুলেছেন।

আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, দেশে শান্তি ও স্থিতিশীলতা বজায় রাখার স্বার্থেই আওয়ামী লীগ সংযম দেখাচ্ছে। শান্তিপূর্ণ আন্দোলন চালিয়ে যাচ্ছে। তিনি বলেন, আওয়ামী লীগের সামনে নির্বাচনের কোনো বিকল্প নেই। কিন্তু ইলেকশন ইঞ্জিনিয়ারিংয়ের ফাদে পা দিয়ে নীলনকশা বাস্তবায়ন ও ভোট চুরিকে বৈধতা দেয়ার জন্য কোনো প্রহসনের নির্বাচন বাংলাদেশের মানস হ্রাস দেবে না।